



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তারিখ: ২৪/০৯/২০১৭ খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয়ে সমাজবিজ্ঞান বিভাগে সেমিনার অনুষ্ঠিত

সম্প্রতি বরিশাল বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগে “Rohingya Genocide and Call For Urgent UN Peace Interventions In Myanmar” শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহীদ সিপাহী মোহাম্মদ মোস্তফা কামাল একাডেমিক ভবনের ২৩০৪ নম্বর কক্ষে সমাজবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান জনাব অসীম কুমার নন্দীর সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. আ.ক.ম. জামাল উদ্দীন। সেমিনারে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক। এছাড়া সেমিনারে অন্যান্যদের মধ্যে আরও উপস্থিত ছিলেন সমাজবিজ্ঞান বিভাগের শিক্ষকমন্ডলী এবং শিক্ষার্থীরা।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)
জনসংযোগ অফিস